# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**21-04-2026** **Time: 7.35 AM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্য প্রচারাভিযানের সময়সীমা আজ বিকেলে শেষ হচ্ছে।

আগামী ২৩ তারিখ ১৬ টি জেলার ১৫২ টি আসনে ভোটগ্রহণ। বরিষ্ঠ বিজেপি নেতা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ রাজ্যে একাধিক জনসভা করবেন। নির্বাচনী প্রচারে সভা ও রোড শো করবেন তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। অন্য রাজনৈতিক দলগুলির পক্ষ থেকেও প্রচারাভিযান তুঙ্গে।

২) রাজ্যে প্রথম দফার ভোটের প্রেক্ষিতে আজ সকাল থেকে সব বুথে ওয়েবকাস্টিং ব্যবস্থার ট্রায়াল রান শুরু হচ্ছে। অ্যাপিলেট ট্রাইব্যুনালে ছাড়পত্র পাওয়া প্রথম দফার জন্য সর্বশেষ ভোটার তালিকা আজ প্রকাশ হতে পারে।

৩) পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন সবরকম পদক্ষেপ গ্রহণ করবে বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বস্ত করেছেন।

এদিকে রাজ্যের বিভিন্ন এলাকা থেকে হিংসার খবর আসছে। ইসলামপুরে সিপিআইএম কর্মীর মৃত্যুতে চাঞ্চল্য।

৪) জয়েন্ট এন্ট্রান্স মেইনস পরীক্ষার দ্বিতীয় সেশনের ফল প্রকাশিত হয়েছে।

৫) দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় চলতি সপ্তাহে তাপপ্রবাহ ও উষ্ণ অস্বস্তিকর আবহাওয়ার পূর্বাভাস।

---

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্য প্রচারাভিযানের সময়সীমা আজ বিকেলে শেষ হচ্ছে। এর সঙ্গেই শুরু হবে সাইলেন্স পিরিয়ড। ভোটারদের মন জয়ে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা নেত্রীরা মিটিং, মিছিল জনসভার মাধ্যমে আজও জোরদার প্রচার চালাবেন।

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ রাজ্যে চারটি জনসভা করবেন। কার্শিয়াং, পশ্চিম বর্ধমানের কুলটি, পশ্চিম মেদিনীপুরের শালবনী এবং পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরে চারটি জনসভায় বক্তব্য রাখবেন তিনি।

দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন গতকাল পূর্ব মেদিনীপুরের মহিষাদল ও এগরায় জনসভা করেন। তিনি বলেন,মা,মাটি,মানুষের স্লোগান দিয়ে মুখ্যমন্ত্রী ক্ষমতায় এসেছিলেন। তবে সেই মা মাটি মানুষের সঙ্গেই তিনি সবচেয়ে বেশি প্রতারণা করেছেন। বাংলার মেয়েরা আজ নিজেদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন এবং তার দায় রাজ্যের মুখ্যমন্ত্রীর বলেও শ্রী নবীন মন্তব্য করেছেন।

বাইট নীতিন নবীন

অন্যদিকে, আজ একাধিক নির্বাচনী কর্মসূচি রয়েছে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির। পূর্ব মেদিনীপুরের হলদিয়া, উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর ও জগদ্দল এবং কলকাতার জোড়াসাঁকোতে সংশ্লিষ্ট বিধানসভার দলীয় প্রার্থীদের সমর্থনে সভা করবেন তিনি।

গতকাল বীরভূম ও উত্তর ২৪ পরগণায় জনসভার পর সন্ধ্যায় নিজের কেন্দ্র ভবানীপুরে প্রচারে যোগ দেন তিনি। এলাকায় জন সংযোগের পাশাপাশি সভাও করেন। পরে বেলেঘাটায় দলীয় প্রার্থীর সমর্থনে এক সভা থেকে তৃণমূল কংগ্রেস নেত্রী কেন্দ্রের বিরুদ্ধে সরকারি সংস্থাগুলিকে অপব্যবহারের অভিযোগ তোলেন।

বাইট মমতা

দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়েরও একাধিক কর্মসূচি রয়েছে। বড়জোড়া, ঝাড়গ্রাম, ভাতারে সংশ্লিষ্ট কেন্দ্রের দলীয় প্রার্থীদের সমর্থনে সভা করবেন তিনি। শেষে খড়গপুর সদরে দলীয় প্রার্থীর সমর্থনে একটি পদযাত্রায় অংশ নেবেন অভিষেক।

অন্যদিকে বামফ্রন্ট, কংগ্রেস, আইএসএফ সহ অন্য রাজনৈতিক দলের পক্ষ থেকেও আজ প্রচার চালানো হবে।

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, রাসবিহারি ও বেহালা পূর্ব এবং পশ্চিমের প্রার্থীদের হয়ে জনসভা করবেন। কাঁকুরগাছি মোড়ে এক জনসভায় বক্তব্য রাখবেন প্রবীণ বাম নেতা বিমান বসু সহ অন্যরা।

নদিয়ার নাকাশিপাড়ায় রোড শোর পাশাপাশি জেলার একাধিক এলাকায় জনসভা করবেন আইএসএফ নেতা নওসদ সিদ্দিকি।

--------------------

রাজ্যে প্রথম দফার ভোটের প্রেক্ষিতে আজ সকাল থেকে সব বুথে ওয়েবকাস্টিং ব্যবস্থার ট্রায়াল রান শুরু হচ্ছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে এই প্রক্রিয়া পরিচালনা করা হবে। সেখানে একসঙ্গে কাজ করবেন কেন্দ্রীয় বাহিনী, কলকাতা পুলিশ এবং রাজ্য পুলিশের একজন করে আধিকারিক। তাঁদের সঙ্গে থাকবেন কমিশনের প্রতিনিধিরাও। জানা গিয়েছে, গোটা প্রক্রিয়াটি নির্বিঘ্নে চালাতে আট ঘণ্টার

শিফটে দায়িত্ব ভাগ করে দেওয়া হয়েছে। এই ট্রায়াল রানের প্রতিটি পর্যায়ে দিল্লি থেকে সরাসরি পর্যবেক্ষণ করবে নির্বাচন কমিশন।

ভোটের দিন যাতে কোনও প্রযুক্তিগত ত্রুটি বা নিরাপত্তা ঘাটতি না থাকে, সে জন্যই এই আগাম প্রস্তুতি। বুথভিত্তিক নজরদারি আরও জোরদার করা এবং স্বচ্ছ ভোট প্রক্রিয়া নিশ্চিত করতেই এই উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জানা গেছে।

--------------------

এসআইআর প্রক্রিয়ায় লজিকাল ডিসক্রিপেন্সির কারণে বাদ পড়া ভোটারদের প্রথম দফার ভোটের জন্য সর্বশেষ তালিকায় নাম ওঠার আজই শেষ দিন। অ্যাপিলেট ট্রাইব্যুনালে ছাড়পত্র পাওয়া ভোটারদের নাম সংক্রান্ত তালিকা আজ প্রকাশ করা হতে পারে। সর্বোচ্চ আদালতের নির্দেশ মেনেই নির্বাচন কমিশন, তালিকা প্রকাশ করবে। এর প্রেক্ষিতে জোকায় ট্রাইব্যুনালের দপ্তরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

এদিকে গতকাল ট্রাইব্যুনাল ঠিকঠাক কাজ করছে না বলে অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করায় প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ তীব্র অসন্তোষ ব্যক্ত করেন। এব্যাপারে হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের বক্তব্যও জানিতে চেয়েছে শীর্ষ আদালত।

--------------------

পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন সবরকম পদক্ষেপ গ্রহণ করবে বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বস্ত করেছেন। ভোট পরিচালনার কাজে যুক্ত আধিকারিকদের সঙ্গে আলোচনায় মুখ্য নির্বাচন কমিশনার বলেন, এবারের নির্বাচন হবে ভয়মুক্ত এবং হিংসা মুক্ত ।

আধিকারিকরা জানিয়েছেন, ভয় দেখিয়ে ভোটদান এবং বুথ জ্যামিং রুখতে কমিশন উপযুক্ত ব্যবস্থা নিচ্ছে। রাজ্য সরকার, আঞ্চলিক বা স্বায়ত্ত্বশাসিত সংস্থার কোনো কর্মীরা যাতে ভোটারদের প্রভাবিত করতে না পারেন তাও সুনিশ্চিত করা হবে।

উল্লেখ্য, রাজ্যের প্রথম দফায় আগামী ২৩ তারিখ ১৫২ টি আসনে ভোট নেওয়া হবে। দ্বিতীয় দফায় ভোট নেওয়া হবে ২৯ শে এপ্রিল। গণনা চৌঠা মে।

এদিকে, রাজ্যে প্রথম দফার ভোটগ্রহণ সংক্রান্ত কাজকর্ম এবং ভোট প্রস্তুতি পর্যালোচনা করতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজও জেলা সফর করবেন। গতকাল মালদা ও উত্তরদিনাজপুরে প্রশাসন ও পুলিশের শীর্ষ কর্তাদের সঙ্গে বৈঠকের পর রাতে কোচবিহারে যান তিনি। জেলাশাসকের দপ্তরে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে মত বিনিময় করেন শ্রী আগারওয়াল। কেউ কোন ঝামেলার চেষ্টা করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে স্পষ্ট জানানো হয়েছে। শ্রী আগরওয়াল বলেন, নির্বাচনের দিন আধিকারিকরা তাদের ফোন বন্ধ করে রাখলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। পোলিং পার্টিকে হুমকি দিলে কেন্দ্র বাহিনীর বিরুদ্ধেও পদক্ষেপ করা হবে বলে তিনি জানিয়েছেন।

(বাইট- মনোজ আগরওয়াল)

--------------------

ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যের বিভিন্ন এলাকা থেকে অশান্তির খবর আসতে শুরু করেছে।

কলকাতার একবালপুরে গতরাতে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের সঙ্গে বিজেপির সংঘর্ষে এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে। জানা গেছে, ভোট প্রচার চলাকালীন

বিজেপির মঞ্চ লক্ষ্য করে তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা হামলা চালায় বলে অভিযোগ। পরে ঘটনার প্রতিবাদে বিজেপির পক্ষ থেকে থানার সামনে বিক্ষোভ অবস্থান শুরু করলে পুলিশ তাদের সরাতে ব্যাপক লাঠিচার্জ করে। ঘটনায় একাধিক বিজেপি কর্মী আহত হয়েছেন বলে দলের পক্ষ থেকে দাবি করা হয়েছে।

পাশাপাশি একবালপুর থানার ওসি আহত হয়েছেন। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এলাকায় মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনী।

এদিকে উত্তর দিনাজপুরের ইসলামপুরে ঘুনজুরিয়া এলাকায় এক সিপিআইএম নেতার মৃত্যুকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। অভিযোগের তীর তৃণমূল কংগ্রেসের দিকে। জানা গেছে, গতকাল দুপুরে অজ্ঞাত পরিচয়ে কয়েকজন, নূর আজম নামে ঐ ব্যক্তিকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায়। সন্ধ্যায় তিনি গুরুতর অসুস্থ অবস্থায় বাড়ি ফিরে অচৈতন্য হয়ে পড়েন। ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। পরিবারের দাবি, এলাকার তৃণমূল কংগ্রেস নেতা নূর আলম, তাকে বরাবরই হুমকি দিতেন। বেধরক মারধরের ফলে নূর আজমের মৃত্যু হয়েছে বলে অভিযোগ করা হয়।

এদিকে এই ঘটনার খবর ছড়িয়ে পড়তেই শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর। দোষীদের গ্রেপ্তারের দাবিতে সিপিআইএম-এর পাশাপাশি হাসপাতালে পৌঁছন বিজেপি নেতারাও। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী।

অন্যদিকে, উত্তর ২৪ পরগণার টাকি পৌরসভার বিজেপি কর্মী সোমা হালদার চৌধুরীর ভাই সোহমকে বেধরক মারধরের অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। বিজেপি করার জন্যই তাকে হেনস্থা করা হয়েছে বলে অভিযোগ।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস, এই দাবি অস্বীকার করে সোহমের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ তুলেছে।

কোচবহারের দিনহাটার ভিলেজ ওয়ান গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কর্মীকে মারধরের অভিযোগ বিজেপির বিরুদ্ধে। গতরাতে হাসানুর রহমান নামে এক তৃণমূল কর্মি নির্বাচনের পোস্টার দিয়ে ফেরার পথে ভাংনি এলাকায় তাকে মারধর করা হয় বলে অভিযোগ। বর্তমানে সে দিনহাটা মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। এই নিয়ে বিজেপির কোন প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

--------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'মহিলা ক্ষমতায়ন ও সংরক্ষণ'। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার প্রাক্তন অধ্যাপক সুজয়া বসুর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

জয়েন্ট এন্ট্রান্স মেইনস পরীক্ষার দ্বিতীয় সেশনের ফল প্রকাশিত হয়েছে। আড়াই লক্ষ পরীক্ষার্থী জয়েন্ট এন্ট্রান্স অ্যাডভান্সড পরীক্ষার জন্য যোগ্যতা অর্জন করেছেন।

গতকাল পরীক্ষার প্রথম পত্রের B.E ও B.Tech এর চূড়ান্ত "অ্যানসার কি" প্রকাশের পর ন্যাশনাল টেস্টিং এজেন্সি ফল বের করে।

পরীক্ষার্থীরা jeemain.nta.nic.in ওয়েবসাইটে গিয়ে স্কোরকার্ড দেখতে পারবেন।

উল্লেখ্য গত জানুয়ারিতে প্রথম সেশন ও এপ্রিলের দ্বিতীয় সেশনে জয়েন্ট এন্ট্রান্স মেন পরীক্ষা হয়। দুটি মিলিয়ে ১৫ লক্ষের বেশি পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছিলেন। ভারত ও বিদেশের মোট ৩১৯ টি শহরে ১৩ টি ভাষায় দ্বিতীয় সেশনের পরীক্ষা নেওয়া হয়।

--------------------

রেশন দুর্নীতির তদন্তে ইডি, অভিনেত্রী নুসরাত জাহানকে তলব করেছে। আগামীকাল সিজিও কমপ্লেক্সে তাকে হাজির হতে হবে। বসিরহাটের সাংসদ থাকাকালীন রেশনের গম নিয়ে দুর্নীতির যে অভিযোগ উঠেছিল, সেই ব্যাপারেই তাকে জিজ্ঞাসাবাদ করা হতে পারে বলে মনে করা হচ্ছে।

--------------------

শুষ্ক পশ্চিমী এবং উত্তর পশ্চিমি বায়ু প্রবাহের কারণে দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকায় চলতি সপ্তাহে তাপপ্রবাহ এবং উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া থাকবে। পুরুলিয়া এবং পশ্চিম বর্ধমান জেলায় আজ কোথাও কোথাও তাপমাত্রা ৪০ ডিগ্রি বা তার বেশি থাকতে পারে। এছাড়া বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর এবং বীরভূম জেলায় রয়েছে অস্বস্তিকর আবহাওয়ার হলুদ সতর্কতা। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। বিশেষ কাজ না থাকলে বেলা ১১ টা থেকে চারটের মধ্যে বাইরে না বেরোনোর , জল শূন্যতা রুখতে অতিরিক্ত জলপান এবং অসুস্থ বোধ করলে দ্রুত ডাক্তারের কাছে যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। তবে, স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ সঞ্চার হওয়ার ফলে কোথাও কোথাও হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে।

এদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কোচবিহার কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় চলতি সপ্তাহে প্রায় প্রতিদিনই বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

--------------------

আইএসএল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং,চেন্নাইয়িন এফ সি, র মুখোমুখি হবে। চেন্নাইয়ের জওহরলাল নেহরু ষ্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। চেন্নাই ৮ ম্যাচে ৮ পয়েন্ট সংগ্রহ করেছে। মহামেডান স্পোর্টিং এর ৮ ম্যাচে পয়েন্ট এক।

-------------------- --------------------